তারিখ 26 JUL 2016
পৃষ্ঠা ৮ কলাম ২

সমকাল

উপবৃত্তির টাকা বিতরণে অনিয়ম

# মদনে শিক্ষার্থীদের ক্লাস বর্জন

■ মদন (নেত্রকোনা) প্রতিনিধি

মদন উপজেলার নায়েকপুর ইউনিয়নের চন্দ্রতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে উপবৃত্তির টাকা বিতরণে অনিয়মের প্রতিবাদে রোববার থেকে শিক্ষার্থীরা ক্লাস বর্জন করায় ওই বিদ্যালয়ে পাঠদান স্থগিত রয়েছে।

সোমবার ওই বিদ্যালয় সরেজমিন পরিদর্শনে গেলে প্রধান শিক্ষক মো. সিরাজুল ইসলামকে অনুপস্থিত পাওয়া যায়। এ সময় অফিস কক্ষে তিনজন সহকারী শিক্ষক ও শ্রেণি কক্ষে ৫ জন শিক্ষার্থী উপস্থিত ছিল। প্রয়োজনীয় সংখ্যক শিক্ষার্থী উপস্থিত না থাকায় সোমবারও পাঠদান স্থগিত থাকে। এদিকে বিদ্যালয়ে সাংবাদিক আসার খবর পেয়ে শিক্ষার্থী ও অভিভাবকরা বিদ্যালয় প্রাঙ্গণে এসে ভিড় জমান এবং উপবৃত্তির টাকা বিতরণে অনিয়মের প্রতিবাদে মিছিল করতে থাকেন। তারা জানান, উপবৃত্তির টাকা বিতরণে অনিয়মের সুষ্ঠু বিচার না পাওয়া পর্যন্ত শিক্ষার্থীদের ক্লাস বর্জন অব্যাহত থাকবে। রোববার এ ব্যাপারে মদনের ইউএনওসহ সংশ্লিষ্ট দপ্তরে লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।

মোবাইল ফোনে যোগাযোগ করা হলে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. সিরাজুল ইসলাম বিদ্যালয়ে পাঠদান স্থগিতের সত্যতা স্বীকার করেন। এদিকে আজ মঙ্গলবার অভিভাবকদের অভিযোগের বিষয়টি উপজেলা চেয়ারম্যান ও উপজেলা ভারপ্রাপ্ত শিক্ষা কর্মকর্তা সরেজমিন তদন্ত করবেন বলে জানা গেছে।

এ ব্যাপারে উপজেলা প্রাথমিক ভারপ্রাপ্ত শিক্ষা কর্মকর্তা মো. জিয়াউল হক জানান, নীতিমালা অনুযায়ীই এ বিদ্যালয়ে উপবৃত্তির টাকা বিতরণ করা হয়েছে, তবে অভিযোগের বিষয়টি তদন্ত করা হবে।